গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
শৃঙ্খলা-১ শাখা
www.mhapsd.gov.bd

স্মারক নং- ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০২.২০- ১৪৬

তারিখঃ ১৬ শ্রাবণ ১৪৩০
৩১ জুলাই ২০২৩

## প্রজ্ঞাপন

জনাব আব্দুর রহিম শাহ চৌধুরী (বিপি-৭০০১১১৬১৬৪), পুলিশ সুপার, পিটিসি, টাঙ্গাইল ইতোপূর্বে বিশেষ পুলিশ সুপার, এসবি, ঢাকা হিসেবে কর্মকালে রাজশাহী জেলার বালিয়াপুকুর দেবীসিংপাড়ার জার্মিনেট প্লাজায় 'মমতা নার্সিং ইন্সটিটিউট' নামে একটি বেসরকারি প্রতিষ্ঠানের পরিচালনার সাথে যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে সম্পৃক্ত হয়ে সরকারি কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ এর বিধি-১৭ ভঙ্গ করা, চেয়ারম্যান ও ভবন মালিক হিসেবে ৩০% অংশীদার দাবি করা, মমতা নার্সিং ইন্সটিটিউট-এর বিভিন্ন বিষয় নিয়ে কমিটির সদস্যদের সাথে মত পার্থক্য তৈরি করা ও তা দখলে নেয়ার চেষ্টা করা এবং উক্ত প্রতিষ্ঠানের সদস্যদের সাথে দ্বন্দ্বে জড়িয়ে পুলিশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক গত ১৭-০৮-২০২০ তারিখ তাকে কারণ দর্শানো হয়।

০২। তিনি গত ২৮-১২-২০২০ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিল করেন এবং তার অনুরোধের পরিপ্রেক্ষিতে গত ০৪-০৩-২০২১ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে আনীত অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, অভিযুক্ত কর্মকর্তার জবাব এবং অন্যান্য গুরুত্বপূর্ণ দালিলিক প্রমাণাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের গুরুত্ব ও প্রকৃতি বিবেচনায় এবং অভিযোগসমূহ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপ হতে পারে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক গত ১২-০৬-২০২২ তারিখ জনাব সানা শামীনুর রহমান (বিপি-৭২০১১২১৩৯৯), অতিরিক্ত পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০৩। তদন্ত কর্মকর্তা জনাব সানা শামীনুর রহমান (বিপি-৭২০১১২১৩৯৯), অতিরিক্ত পুলিশ কমিশনার, সিএমপি, চট্টগ্রাম সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত অন্তে গত ১৫-১২-২০২২ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। উক্ত তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ প্রতীয়মান হয়েছে মর্মে মতামত প্রদান করেন।

০৪। আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)-এর উপ-বিধি (১)(ঘ) মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোন উপযুক্ত গুরুদন্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক তাকে ২য় কারণ দর্শানো হয়। এর পরিপ্রেক্ষিতে তিনি গত ০১-০৩-২০২৩ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন।

০৫। জনাব আব্দুর রহিম শাহ চৌধুরী (বিপি-৭০০১১১৬১৬৪), পুলিশ সুপার, পিটিসি, টাঙ্গাইল ও সাবেক বিশেষ পুলিশ সুপার, এসবি, ঢাকা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচারণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুসারে তাকে আগামী ০৩(তিন) বৎসরের জন্য 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ'-গুরুদন্ড প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত প্রাথমিক সিদ্ধান্তের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন।

পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ববর্তী পৃষ্ঠা হতে

০৬। জনাব আব্দুর রহিম শাহ চৌধুরী (বিপি-৭০০১১১৬১৬৪), পুলিশ সুপার, পিটিসি, টাঙ্গাইল ও সাবেক বিশেষ পুলিশ সুপার, এসবি, ঢাকা-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ১ম ও ২য় কারণ দর্শানোর জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক অন্যান্য দলিলপত্রাদি বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক 'অসদাচারণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুসারে তাকে আগামী ০৩(তিন) বৎসরের জন্য 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ'-গুরুদন্ড প্রদান করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোস্তাফিজুর রহমান, বিপিএএ
সিনিয়র সচিব

স্মারক নং-৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০০২.২০- ১৪৬

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩০ / ৩১ জুলাই ২০২৩

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। ।

০২। সিনিয়র সচিব/সচিব জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন/ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

০৩। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (প্রজ্ঞাপনটি বর্ণিত কর্মকর্তার নিকট জারির অনুরোধসহ)।

০৪। অতিরিক্ত সচিব (আইন ও শৃঙ্খলা/উন্নয়ন), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৫। যুগ্মসচিব (শৃঙ্খলা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব (উপসচিব), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

০৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশনার জন্য এবং প্রকাশিত গেজেটের কপি এ কার্যালয়ে প্রেরণের জন্য বলা হলো)।

১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

১১। জনাব আব্দুর রহিম শাহ চৌধুরী (বিপি-৭০০১১১৬১৬৪), পুলিশ সুপার, পিটিসি, টাঙ্গাইল ও সাবেক বিশেষ পুলিশ সুপার, এসবি, ঢাকা।

১২। অফিস কপি